ইত্তেফাক

063

তারিখ ... 18/8/78 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 5 ...

# হজ্জযাত্রীদের জ্ঞাতব্য

হজ অফিস চট্টগ্রাম ও জেলা প্রশাসকের অফিসসমূহ আগামী ১৪/৮/৭৮ইং পর্যন্ত হজযাত্রীদের দরখাস্ত ডাকযোগে ও হাতে হাতে গ্রহণ করিবেন। উক্ত তারিখের পরে কোন দরখাস্ত গ্রহণ করা হইবে না। ডেক শ্রেণীর দরখাস্তকারিগণ টাকা জমা দেওয়ার মূল রসিদসহ তাহাদের দরখাস্ত জেলা প্রশাসকের অফিসে পাঠাইবেন। ডিলাক্স, প্রথম, দ্বিতীয় শ্রেণী ও বিমানের যাত্রীগণ তাঁহাদের দরখাস্ত ও টাকা জমা দেওয়ার মূল রসিদসহ চট্টগ্রামস্থ পোর্ট হজ অফিস, পাহাড়তলী পাঠাইবেন। সমুদ্রপথে সকল শ্রেণী ও বিমানের হজ-ই-বদলের দরখাস্তকারিগণও তাঁহাদের দরখাস্ত চট্টগ্রাম পোর্টস্থ অফিস পাহাড়তলীর ঠিকানায় পাঠাইবেন।

নিম্নলিখিত হারে ব্যাংকে টাকা জমা দিতে হইবে। ডেক শ্রেণী ১৫,৬৮৮ টাকা। দ্বিতীয় শ্রেণী ১৮,৭৮৮ টাকা। প্রথম শ্রেণী ২০,৭৮৮ টাকা। ডিলাক্স ২১,৭৮৮ টাকা। বিমান ২০,৪৩৮ টাকা।

জেলা প্রশাসকের অফিস ও পোর্ট হজ [illegible] চট্টগ্রামে আগামী ১৫-৮-৭৮ ইং তারিখে জনসম্মুখে ব্যালট অনুষ্ঠিত হইবে।